# সুরক্ষিত ভাবে শিশু সহায়তা পাওয়ার ব্যাপারে সমস্ত সম্ভাব্য শিশু সহায়তা আবেদনকারীদের জন্য তথ্য

## *শিশু সহায়তা কেস খোলার সুবিধা*

নিউ ইয়র্ক সিটিতে সন্তানকে একা বড় করে তোলা কঠিন হতে পারে। শিশু সহায়তা পরিষেবার অফিস (Office of Child Support Services, OCSS) আপনার এবং আপনার বাচ্চার জন্য শিশু সহায়তা প্রক্রিয়া যতটা সম্ভব নিরাপদ করে তোলার জন্য প্রতিজ্ঞাবদ্ধ। OCSS পিতৃত্ব ও সহায়তা আদেশ প্রতিষ্ঠা করা সহ অনেক পরিষেবা প্রদান করে।

আইনি পিতৃত্ব বা মাতৃত্ব | শিশু সহায়তা পেমেন্ট | পিতা–মাতা সন্তানের সম্পর্ক | স্বাস্থ্য বীমা | নিরপেক্ষ মধ্যস্থতাকারী

*প্রতিষ্ঠিত পিতৃত্ব বা মাতৃত্বের ক্ষেত্রে:*

পেনশন ভাতা তহবিল | সামরিক ভাতা

## *নিরাপত্তা বিবেচনা*

শিশু সহায়তার পরিষেবাগুলির জন্য আবেদন করতে, আপনাকে অবশ্যই আপনার নিজের, আপনার শিশু ও নন-কাস্টোডিয়াল মাতাপিতা সম্পর্কে তথ্য প্রদান করতে হবে। আপনি নিম্নলিখিত পর্যায়গুলি পড়ার সময়, এটি উত্থাপন করতে পারেন এমন কোনও নিরাপত্তা উদ্বেগের ব্যাপারে আপনি হয়তো চিন্তা করতে পারেন।

- **পিতৃত্ব-মাতৃত্ব প্রতিষ্ঠা:** যদি পিতৃত্ব বা মাতৃত্ব অনিশ্চিত থাকে, তাহলে OCSS আপনাকে পারিবারিক আদালতের মাধ্যমে পিতৃত্ব বা মাতৃত্ব প্রতিপাদন করার জন্য একটি আবেদন জমা দিতে সাহায্য করবে। কেসের তথ্য এবং পরিস্থিতি সম্বন্ধে সাক্ষ্য দেওয়ার জন্য বাবা-মা উভয়কে আদালতে উপস্থিত (ভার্চুয়াল মাধ্যমে বা সশরীরে) হওয়ার প্রয়োজন হবে। আপনি পৃথক সময় ও দিনে **জিনগত পরীক্ষার অ্যাপয়েন্টেন্টের** আদেশের অনুরোধ করতে পারেন।

- **সহায়তা প্রতিপাদন:** OCSS পারিবারিক আদালতের মাধ্যমে শিশু সহায়তার আবেদন দায়ের করতে আপনাকে সহায়তা করবে। আপনাকে **আদালতে *উপস্থিত*** (ভার্চুয়াল মাধ্যমে বা সশরীরে) হতে হবে। বাবা-মা উভয়ের **আয় ও *ব্যয় জানাতে হবে*** *এবং শিশু সহায়তা আদেশের পরিমাণ* স্থির করতে সেগুলি ব্যবহার করা হবে।

- **সহায়তার সংগ্রহ:** OCSS-এর কাছে পাঠানো পেচেক থেকে আদালত নির্দেশিত শিশু সহায়তার অর্থ কেটে নেওয়ার জন্য *নন-কাস্টোডিয়াল পিতা-মাতার* **নিয়োগকর্তার সঙ্গে যোগাযোগ করা হবে।** যদি কোনো নিয়োগকর্তা না জানা থাকে, তাহলে **একটি মাসিক বিলের বিবৃতি** নন-কাস্টোডিয়াল বাবা বা মাকে পাঠানো হবে এবং আশা করা হয় যে তাঁরা সরাসরি OCSS-কে অর্থ প্রদান করবে।

- **পরিবর্তন:** পরিস্থিতির পরিবর্তন হলে, আপনি বা নন-কাস্টোডিয়াল বাবা বা মা পারিবারিক আদালতে আবেদন করে **সহায়তার বর্তমান আদেশ পরিবর্তন করার জন্য** অনুরোধ করতে পারেন কারণ শিশুর চাহিদা বদলে গেছে এবং/অথবা নন-কাস্টোডিয়াল বাবা বা মায়ের আয় বদলে গেছে।

- **সহায়তা বলবৎকরণ:** যদি নন-কাস্টোডিয়াল বাবা বা মা অর্থ প্রদান করতে ভুলে যান, তাহলে বৈধ সময়সীমা অনুসারে **বলবৎকরণ পদক্ষেপ** নেওয়া হবে। এই পদক্ষেপগুলি একই সময়ে নেওয়া হতে পারে এবং নিম্নলিখিত বিষয়গুলি অন্তর্ভুক্ত হতে পারে:

  - ফেডারেল এবং স্টেট কর প্রত্যার্পণ রোধ করা
  - লটারি রোধ করা
  - ক্রেডিট এজেন্সিগুলির কাছে ঋণের বিষয়ে জানানো
  - ড্রাইভারের লাইসেন্স স্থগিত করা
  - ব্যাংক অ্যাকাউন্ট বাজেয়াপ্তকরণ
  - নিউ ইয়র্ক স্টেট কর এবং অর্থ বিভাগ (New York State Department of Taxation and Finance)-কে অবগত করা
  - মার্কিন যুক্তরাষ্ট্রের পাসপোর্ট প্রত্যাখ্যান
  - ব্যক্তিগত আঘাত নিষ্পত্তি/শ্রমিকদের ক্ষতিপূরণ রোধ করা

- **জীবনযাপনের খরচে সামঞ্জস্য (Cost of Living Adjustment, COLA):** অন্তত দুই বছরের শিশু সহায়তার আদেশ থাকলে COLA পর্যালোচনার জন্য যোগ্য হওয়া যায়। এই পর্যালোচনায় **শিশু সহায়তার অর্থের পরিমাণ বাড়তে** পারে, যা নন-কাস্টোডিয়াল বাবা বা মাকে আদালতে না গিয়ে অবশ্যই প্রদান করতে হবে।

## *শিশু সহায়তার অনুরোধ করার সময় সুরক্ষিত থাকুন*

শিশু সহায়তা কর্মসূচি এবং আদালতের কাছে আপনাকে সুরক্ষিত ভাবে শিশু সহায়তা পরিষেবা পেতে সহয়াতা করার উপায় আছে।

https://www.nycourts.gov/LegacyPDFS/FORMS/familycourt/pdfs/4-24.pdf-এ উপলব্ধ ইলেক্ট্রনিক টেস্টিমোনি আবেদন সম্পূর্ণ করার মাধ্যমে আদালতে সশরীরে উপস্থিত থাকার পরিবর্তে ইলেক্ট্রনিক সাক্ষ্য দেওয়ার অনুরোধ করুন

---

আপনার অবস্থান, বাসস্থান, বা নিয়োগকর্তার তথ্য প্রকাশ না করার জন্য আদালতকে অনুরোধ করুন। আপনার শারীরিক সুরক্ষার জন্য এই আদালত শুনানির আগে, চলাকালীন এবং পরে অতিরিক্ত সাবধানতা প্রদান করতে পারে।

https://www.nycourts.gov/CourtHelp/Family/confidentiality.shtml-এ গিয়ে বাসস্থানের গোপনীয়তার বিষয়ে আরও জানুন

---

আবেদন, বিজ্ঞপ্তি বা যে কোনো আর্থিক তথ্য প্রকাশের থেকে আপনার অবস্থান/বাসস্থান বা কর্মসংস্থানের তথ্য সরানো যেতে পারে। **সমস্ত আবেদনপত্র থেকে আপনার ঠিকানা গোপন করা গেলেও, কাউন্টির নাম, শিশু সহায়তা সংস্থা বা আদেশ প্রদানকারী আদালতের নাম গোপন রাখা সম্ভব নয়।**

---

অন্যান্য পিতা-মাতার থেকে পৃথক ভাবে **শতাংশের নিশ্চিতকরণ** স্থাপিত করার উদ্দেশ্যে জিনগত পরীক্ষার জন্য আপনার ল্যাবোরেটরি অ্যাপয়েন্টমেন্টের অনুরোধ করুন।

---

পারিবারিক অপরাধের পিটিশন সম্পূর্ণ করার মাধ্যমে সুরক্ষার আদেশ দায়ের করুন।
https://www.nycourts.gov/CourtHelp/Safety/familyfiling.shtml-এ আরও জানুন।

সুরক্ষার ব্যাপারে তৎক্ষণাৎ আপনার কারোর সঙ্গে কথা বলার প্রয়োজন হলে যোগাযোগ করুন:

| | | | |
|---|---|---|---|
| **NYS গার্হস্থ্য এবং যৌন হিংসা হটলাইন (NYS Domestic and Sexual Violence Hotline)** | **ফোন করুন:** **1-800-942-6906** | **টেক্সট করুন:** **1-844-997-2121** | **চ্যাট করুন:** **www.opdv.ny.gov** |
| **NYC গার্হস্থ্য হিংসা হটলাইন (NYC Domestic Violence Hotline:)** | **ফোন করুন:** **1-800-621-HOPE** | **1-800-621-4673** | |

গার্হস্থ্য অথবা যৌন হিংসার অভিজ্ঞতা হওয়া কোনও ব্যক্তি, সংস্থান অথবা তথ্য সন্ধানকারী, অথবা তাদের সম্পর্কের অস্বাস্থ্যকর বিষয়ের প্রশ্নের ব্যাপারে গোপনভাবে কথা বলার জন্য উচ্চ-প্রশিক্ষিত উকিলরা 24/7/365 লভ্য রয়েছেন।

কি পারিবারিক, গার্হস্থ্য এবং যৌন হিংসা গঠন করে এবং কোন সংস্থানগুলি লভ্য রয়েছে সে ব্যাপারে আরও জানার জন্য https://opdv.ny.gov/about-domestic-violence এবং এ www.nycourts.gov/CourtHelp/Safety/DVindex.shtml-এ যান।

**আপনি যে কোনও সময়ে নিরাপত্তার ব্যাপারে তথ্য আপডেট করতে পারেন।** যদি আপনি ইতিমধ্যেই শিশু সহায়তা কর্মীকে বলে থাকেন যে আপনার কোনও নিরাপত্তা উদ্বেগ নেই, পরিস্থিতিতে পরিবর্তন হয় এবং OCSS আপনাকে নিরাপদ থাকার জন্য সাহায্য করতে চায়।

## *সরকারি সুবিধা এবং শিশু সহায়তা সম্পর্কে*

যদি নগদ সহায়তা পেয়ে থাকেন অথবা পাওয়ার জন্য আবেদেন করছেন অথবা আবেদন করার বিবেচনা করছেন তাহলে আপনাআপনিই একটি শিশু সহায়তা কেস খোলা যেতে পারে এবং আপনাকে শিশু সহায়তা কর্মসূচির সাথে সহযোগিতার করার প্রয়োজন হতে পারে। পুরো প্রক্রিয়া জুড়ে আপনাকে এবং আপনার বাচ্চাদের সুরক্ষিত রাখা OCSS গ্রহণ করতে পারে। একটি গার্হস্থ্য হিংসার ছাড়পত্র এবং/অথবা ন্যায্য কারণ নির্ধারণ শিশু সহায়তা কর্মসূচির সাথে সহযোগিতার করার সমস্ত অথবা আংশিক প্রয়োজনের থেকে আপনাকে মুক্ত করে পারে।

**আজই nyc.gov/hra/ocss -এ শিশু সহায়তার ব্যাপারে আরও জানুন অথবা আমাদেরকে dcse.cseweb@dfa.state.ny.us.-এ ইমেইল করুন।**